

# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 29 March, 2025

হা-মীম গ্রুপের কর্মকর্তা আহসান উল্লাহ হত্যায় জড়িত থাকার অভিযোগে চারজনকে গ্রেপ্তার করেছে র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)।

গ্রেপ্তার চারজন হলেন সাইফুল ইসলাম (৩৯), নূরনবী মিয়া (২৫), মোহাম্মদ ইসরাফিল (১৯) ও সুজন ইসলাম (১৯)।

র‍্যাবের ভাষ্য, আহসান উল্লাহ হত্যার মূল পরিকল্পনাকারী তাঁর গাড়িচালক সাইফুল। ঈদের আগে অর্থ আত্মসাতের জন্য আহসান উল্লাহকে অপহরণ করে নির্যাতন করে হত্যা করা হয়। তিনি নিখোঁজ হওয়ার দুই দিন পর তাঁর মরদেহ উদ্ধার করা হয় উত্তরার ১৬ নম্বর সেক্টর থেকে।

র‍্যাবের তথ্য অনুযায়ী, ২৩ মার্চ বিকেলে আহসান উল্লাহ অফিস ত্যাগের পর নিখোঁজ হন। পরে তাঁর পরিবারের সদস্যরা র‍্যাবের কাছে অভিযোগ দেন। তখন পরিবারের পক্ষ থেকে বলা হয়, আহসানুল্লাহ নিখোঁজের পর তাঁর গাড়িচালক সাইফুলের কথাবার্তা সন্দেহজনক। সাইফুলকে আটক করে র‍্যাব। পরে সাইফুল ওয়াশরুমে যাওয়ার নাম করে কৌশলে পালিয়ে যান। তিনি ঢাকা ছেড়ে নিজ বাড়ি গাইবান্ধায় যান।

র‍্যাব আরও বলেছে, পরে সাইফুলকে গাইবান্ধা থেকে গ্রেপ্তার করা হয়। অপর আসামি নূরনবীকে লালমনিরহাট থেকে গ্রেপ্তার করা হয়। তাঁদের জিজ্ঞাসাবাদ করে এই হত্যায় ইসরাফিল ওরফে এসরান ও সুজনের জড়িত থাকার তথ্য মেলে। গতকাল শনিবার ইসরাফিলকে গাজীপুরের কাশিমপুর থেকে গ্রেপ্তার করা হয়। আজ রোববার সকাল ৮টার দিকে সুজনকে গ্রেপ্তার করা হয়।

অর্থ আত্মসাত গ্রেপ্তার র‍্যাব

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 June, 2025 20:42

URL: <https://timestodaybd.com/national/185127113>